

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫৭

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৪. সিজদায় যাওয়ার সময় মানুষের যে অঙ্গ সর্বপ্রথম মাটিতে স্থাপিত হবে

بَابُ أَوَّلِ مَا يَقْعُ مِنْ الْإِنْسَانِ الْأَرْضَ إِذَا أَرَادَ أَنْ يَسْجُدَ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَسَانَ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْحَسَنِ عَنْ أَبِي الزِّنَادِ عَنْ الْأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلَا يَبْرُكْ كَمَا يَبْرُكُ الْبَعِيرُ وَلِيَضْعَعْ يَدِيهِ قَبْلَ رُكْبَتِيهِ قِيلَ لِعَبْدِ اللَّهِ مَا تَقُولُ قَالَ كُلُّهُ طَيِّبٌ وَقَالَ أَهْلُ الْكُوفَةِ يَخْتَارُونَ الْأَوَّلَ

বাংলা

১৩৫৭. আবী হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তোমাদের যখন কেউ সালাত আদায় করে করে, তখন সে যেন উটের মতো হাঁটু গেড়ে না বসে, বরং সে যেন দু'হাঁটু মাটিতে রাখার পূর্বে দু'হাত রাখে।”[1]

আবুল্লাহ কে বলা হলো, আপনি কী বলেন?

তিনি বলেন, প্রত্যেকটিই উত্তম। তিনি আরও বলেন, আহলে কুফা' (কুফাবাসীগণ তথা হানাফীগণ) প্রথমটি (হাত রাখার পূর্বে হাঁটু রাখা) কে পছন্দ করেছেন।

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি এবং হাদীস বিস্তারিতভাবে উল্লেখ করেছি মুসনাদুল মাওসিলী নং ৬৫৪০। এছাড়া আগের টীকাটি দেখুন। ((আবু দাউদ ৮৪০, আহমাদ ২/৩৮১; বাগাবী, শারহুস সুন্নাহ ৩/১৩৮; বাইহাকী ২/৯৯; তাহাবী ১/২৫৪; হায়মী, আল ইতিবার পঃ: ১৫৮-১৫৯। - মুসনাদুল মাউসিলী ৬৫৪০ নং মুহাকিফের টীকা হতে। -অনুবাদক))

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81640>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন